



ভাড়ার তালিকা

Fare Chart



টিকেট ও পাসের ধরন (Types of Ticket & Pass)

- একক যাত্রার টিকেট/কার্ড (Single Journey Ticket/Card)
- এমআরটি পাস/র্যাপিড পাস (MRT Pass/Rapid Pass)

একক যাত্রার টিকেট/কার্ড (Single Journey Ticket/Card)

- শুধুমাত্র ক্রয়ের তারিখে একবারের জন্য ব্যবহারযোগ্য;
- প্রবেশ গেটে টিকেটটি স্পর্শ (Touch) করার পর সর্বোচ্চ ১০০ মিনিট কার্যকর থাকবে;
- অনুমোদিত দূরত্ব বা সময়সীমা অতিক্রম করলে অতিরিক্ত ভাড়া প্রযোজ্য হবে;
- টিকেট ভেডিং মেশিন (TVM) থেকে একবারে সর্বোচ্চ ০৫টি টিকেট ক্রয় করা যাবে;
- হ্রাসকৃত মূল্যে ক্রয়কৃত টিকেট কোনোক্রমেই হস্তান্তরযোগ্য নয়;
- প্রস্থানের সময় টিকেটটি অবশ্যই বহির্গমন গেটের স্লট (Slot) এ প্রবেশ করাতে হবে;
- টিকেটটি কোনো অবস্থাতেই স্টেশনের বাহিরে নেয়া যাবে না;
- স্টেশনের বাহিরে একক যাত্রার টিকেট বহন করা দণ্ডনীয় অপরাধ; এবং
- ক্রয়ের তারিখে অব্যবহৃত টিকেট কাউন্টারে জমা দিয়ে টাকা ফেরত নেয়া যাবে।

এমআরটি পাস/র্যাপিড পাস (MRT Pass/Rapid Pass)

- একাধিকবার ভ্রমণের জন্য ব্যবহার করা যাবে;
- একটি পাসে প্রতিবার শুধুমাত্র একজন ভ্রমণ করতে পারবেন;
- প্রতিটি পাসের মূল্য ৪০০ (চারশত) টাকা। জামানত ২০০ (দুইশত) টাকা (ফেরতযোগ্য) এবং ব্যবহার্য ২০০ (দুইশত) টাকা;
- ১০০ টাকা বা তার গুণিতকে সর্বোচ্চ ১০,০০০ (দশ হাজার) টাকা পর্যন্ত রিচার্জ করা যাবে;
- টিকেট অফিস মেশিন (TOM) অথবা টিকেট ভেডিং মেশিন (TVM) থেকে পাস রিচার্জ করা যাবে; এবং
- বিশেষ চাহিদা সম্পন্ন ব্যক্তিগণ নির্ধারিত কাউন্টার থেকে একক যাত্রার টিকেট ও পাস ক্রয় এবং পাস রিচার্জ করতে পারবেন।

ছাড় (Discount)

- যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধাগণ বৈধ পরিচয়পত্র প্রদর্শন করে বিনা ভাড়ায় ভ্রমণ করতে পারবেন;
- যাত্রীগণ MRT Pass/Rapid Pass ব্যবহার করে প্রতি যাত্রায় ১০% ছাড় পাবেন;
- ৯০ সেন্টিমিটার পর্যন্ত উচ্চতার শিশু অভিভাবকের সঙ্গে বিনা ভাড়ায় ভ্রমণ করতে পারবে; এবং
- বিশেষ চাহিদা সম্পন্ন ব্যক্তিগণ বৈধ পরিচয়পত্র প্রদর্শন করে একক যাত্রার টিকেটে ১৬% ছাড় পাবেন।

ফেরত (Refund)

- নিবন্ধিত পাস হারিয়ে বা নষ্ট হয়ে গেলে পুনরায় ২০০ (দুইশত) টাকা জামানত দিয়ে নতুন পাস সংগ্রহ করা যাবে। এই ক্ষেত্রে নতুন পাসে স্বয়ংক্রিয়ভাবে পূর্বের পাসের অব্যবহৃত অর্থ স্থানান্তরিত হবে;
- নিবন্ধিত ও ব্যবহারযোগ্য পাস টিকেট কাউন্টারে ফেরত দিয়ে জামানত এবং অব্যবহৃত অর্থ ফেরত পাওয়া যাবে। এই ক্ষেত্রে প্রক্রিয়াকরণ চার্জ প্রযোজ্য হবে; এবং
- অনিবন্ধিত পাসের ক্ষেত্রে ফেরত (Refund) প্রযোজ্য নয়।

বিনা টিকেট/পাসে মেট্রো ট্রেনে ভ্রমণ (Journey without Ticket/Pass)

- পেইড এরিয়ায় (Paid Area) এবং মেট্রো ট্রেনে টিকেট/পাস ছাড়া কোনো যাত্রী পাওয়া গেলে সর্বোচ্চ ভাড়া ও জরিমানা আদায় করা হবে।

বিশেষ দৃষ্টব্য (Special Notes)

- ঢাকা মেট্রো ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) প্রয়োজনে যে কোনো শর্ত সংযোজন, বিয়োজন ও সংশোধন করতে পারবে;
- ভাড়ার নীতিমালা (Fare Policy) সম্পর্কে বিস্তারিত জানতে www.dmtcl.gov.bd ভিজিট করুন;
- Please visit www.dmtcl.gov.bd for English Version of Fare Policy and Instructions.

Fare Chart ভাড়ার তালিকা

ভাড়ার মানচিত্র Fare Matrix	উত্তরা উত্তর Uttara North	উত্তরা সেন্টার Uttara Center	উত্তরা দক্ষিণ Uttara South	পল্লবী Pallabi	মিরপুর ১১ Mirpur 11	মিরপুর ১০ Mirpur 10	কাজীপাড়া Kazipara	শেওড়াপাড়া Shewrapara	আগারগাঁও Agargaon	বিজয় সরণি Bijoy Sarani	ফার্মগেট Farmgate	কারওয়ান বাজার Karwan Bazar	শাহবাগ Shahbag	ঢাকা বিশ্ববিদ্যালয় Dhaka University	বাংলাদেশ সচিবালয় Bangladesh Secretariat	মতিঝিল Motijheel	কমলাপুর Kamalapur
উত্তরা উত্তর Uttara North	০	২০	২০	৩০	৩০	৪০	৫০	৬০	৬০	৭০	৮০	৮০	৮০	৯০	৯০	১০০	১০০
উত্তরা সেন্টার Uttara Center	২০	০	২০	২০	৩০	৪০	৫০	৬০	৬০	৭০	৮০	৮০	৮০	৯০	৯০	১০০	১০০
উত্তরা দক্ষিণ Uttara South	২০	২০	০	২০	২০	৩০	৪০	৫০	৬০	৬০	৭০	৭০	৭০	৮০	৮০	৯০	৯০
পল্লবী Pallabi	৩০	২০	২০	০	২০	২০	৩০	৪০	৫০	৫০	৬০	৬০	৬০	৭০	৭০	৮০	৮০
মিরপুর ১১ Mirpur 11	৩০	৩০	২০	২০	০	২০	২০	৩০	৪০	৪০	৫০	৬০	৬০	৭০	৭০	৮০	৮০
মিরপুর ১০ Mirpur 10	৪০	৩০	৩০	২০	২০	০	২০	২০	৩০	৩০	৪০	৫০	৫০	৬০	৬০	৭০	৭০
কাজীপাড়া Kazipara	৪০	৪০	৩০	২০	২০	২০	০	২০	২০	২০	৩০	৪০	৪০	৫০	৫০	৬০	৭০
শেওড়াপাড়া Shewrapara	৫০	৪০	৪০	৩০	২০	২০	২০	০	২০	২০	৩০	৪০	৪০	৫০	৫০	৬০	৬০
আগারগাঁও Agargaon	৬০	৫০	৪০	৩০	৩০	২০	২০	২০	০	২০	৩০	৪০	৪০	৫০	৫০	৬০	৬০
বিজয় সরণি Bijoy Sarani	৬০	৬০	৫০	৪০	৪০	৩০	২০	২০	২০	০	২০	৩০	৩০	৪০	৪০	৫০	৫০
ফার্মগেট Farmgate	৭০	৬০	৬০	৫০	৪০	৩০	৩০	২০	২০	২০	০	২০	২০	৩০	৩০	৪০	৪০
কারওয়ান বাজার Karwan Bazar	৮০	৭০	৬০	৫০	৫০	৪০	৪০	৩০	২০	২০	২০	০	২০	২০	২০	৩০	৩০
শাহবাগ Shahbag	৮০	৮০	৭০	৬০	৫০	৫০	৪০	৪০	৩০	২০	২০	২০	০	২০	২০	২০	৩০
ঢাকা বিশ্ববিদ্যালয় Dhaka University	৯০	৮০	৭০	৬০	৬০	৫০	৫০	৪০	৩০	৩০	২০	২০	২০	০	২০	২০	২০
বাংলাদেশ সচিবালয় Bangladesh Secretariat	৯০	৯০	৮০	৭০	৭০	৬০	৫০	৫০	৪০	৩০	২০	২০	২০	২০	০	২০	২০
মতিঝিল Motijheel	১০০	৯০	৯০	৮০	৭০	৬০	৬০	৫০	৫০	৪০	৩০	৩০	২০	২০	২০	০	২০
কমলাপুর Kamalapur	১০০	১০০	৯০	৮০	৭০	৬০	৬০	৫০	৫০	৪০	৩০	৩০	২০	২০	২০	২০	০



Dhaka Mass Transit Company Limited
Road Transport and Highways Division

